আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের মুল্যায়ন করতে হবে—বক্তারা

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের হাত থেকে আওয়ামীলীগকে বাঁচাতে হবে। উড়ে এসে জুড়ে বসা এমপি বা মন্ত্রী নয় আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের যারা মুল্যায়ন করবে, তাদের পাশে থাকবে এমন নেতাকে মনোনয়ন দিতে হবে। সামনে পুলিশ পেছনে পুলিশ নিয়ে নয়, ত্যাগী নেতা কর্মীদের পাশে নিয়ে চলবে সেই নেতাকে আমরা চাই। মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগ কর্তৃক আয়োজিত ঈদ শুভেচ্ছা মিটিং এ এসব কথা বলেন বক্তারা।

জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের বাদ দিয়ে হাইব্রীড নেতাকর্মীদের মুল্যায়ন করা ও তাদের দিয়ে বিভিন্ন প্রকল্পের কাজ করানোর তীব্র সমালোচনা করা হয়।

আজ রবিবার (২ জুলাই) বিকালে দারিয়াপুর হাট প্রাঙ্গনে এই ঈদ শুভেচ্ছা মিটিং এর আয়োজন করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই শুভেচ্ছা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, সদর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এবং সাবেক ঢাবি ছাত্রনেতা এমএএস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম মোল্লা, জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক টনিক বিশ্বাস, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, বুড়িপোতা ইউনিয়ন

আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল হক রেজা, মেহেরপুর জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক মনিরুজ্জামান টিটো, দারিয়াপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি আহসানুল হক।

সমাবেশে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের বিভিন্ন স্তুরের নেতা কর্মী ছাড়াও যুবলীগ, কৃষকলীগ, স্বেচ্ছাসেবকলীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন জেলা আওয়ামীলীগের সদস্য ও মুজিবনগর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চান্দু।